

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮১৯

পর্ব-৬: যাকাত (১৫১ الزكاة)

পরিচ্ছেদঃ ২, তৃতীয় অনুচ্ছেদ - ফিত্বরার বর্ণনা

আরবী

عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ مُنَادِيًا فِي فِجَاجِ مَكَّةَ: «أَلَا إِنَّ صَدَقَةَ الْفِطْرِ وَاجِبَةٌ عَلَى كُلِّ مُسْلِمٍ ذَكَرٍ أَوْ أُنْتَى حُرِّ أَوْ عَبْدٍ صَغِيرٍ أَوْ كُبِيرٍ مُدَّانِ مِنْ قَمْحٍ أَوْ سِوَاهُ أَوْ صَاع من طَعَام». رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

১৮১৯-[৫] 'আমর ইবনু শু'আয়ব তার পিতা ও তার দাদা পরস্পরায় বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একবার) মক্কায় অলি-গলিতে ঘোষণা করিয়ে দিলেন, জেনে রেখ, প্রত্যেক মুসলিম নারী-পুরুষ, আযাদ গোলাম, ছোট-বড়, সকলের ওপর দু' 'মুদ' গম বা এছাড়া অন্য কিছু বা এক সা' খাবার সদাকায়ে ফিতর দেয়া বাধ্যতামূলক। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফুল ইসনাদ : আত্ তিরমিয়ী ৬৭৪। কারণ এর সানাদে ইবনু জুরায়জ একজন মুদাল্লিস রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীস থেকে প্রমাণ হয় যে, সদাক্বাতুল ফিতর ওয়াজিব সকল মুসলিম নর-নারীর, গোলাম-আযাদ ও ছোট-বড়দের ওপর। গমের দু'মুদ গম। অথবা এক সা' খাদ্যদ্রব্য থেকে হতে পারে, তবে হাদীসটির সানাদ বিশুদ্ধ নয়। আর এটিই ইমাম আবৃ হানীফাহ (রহঃ)-এর মত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন